

০৭ (সাত) ভবনের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি	:	অজিত দেব অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নোয়াখালী
স্থান	:	ছায়াবিধী ভবনের হলরুম
তারিখ ও সময়	:	২৫ জুন ২০২৩; সন্ধ্যা: ০৭:৩০টা
উপস্থিতি	:	পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত ৭ ভবনের সভাপতি ও সাধারণ সম্পাদকগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই আসন্ন ইদ-উল-আযহা ২০২৩ উদ্‌যাপনের অংশ হিসেবে আবাসন এলাকার মধ্যে কোরবানির পশু জবাইয়ের লক্ষ্যে প্রত্যেক ভবনের জন্য পৃথক পৃথক স্থান নির্ধারণের বিষয়ে আলোচনা করেন। এছাড়াও ইদ-উল-আযহা ২০২৩ কে কেন্দ্র করে আবাসন এলাকায় বহিরাগতদের ভিতরে প্রবেশ রোধ করতে মেইন ০২টি গেইটে নিয়োজিত সিকিউরিটি গার্ডদেরকে অধিকতর সচেতন থাকার বিষয়ে আলোচনা হয়। অতঃপর আবাসন এলাকার নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ ও পরিষ্কার-পরিচ্ছন্নকরণসহ ভবন ভিত্তিক সার্বিক ব্যবস্থাপনার ত্রুটি-বিদ্যুতি নিয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধাস্তসমূহ গৃহীত হয়।

- (১) ইদ-উল-আযহা ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে ময়ুরাক্ষী ও ইচ্ছেডানা ভবনের এলোটিগণের জন্য উত্তর পাশের পাওয়ার হাউজের সামনে পশু কোরবানির স্থান নির্ধারণ করা হয়। রূপকথা ও ছায়াবিধী ভবনের এলোটিগণের জন্য মাঝখানের মেইন গেইট বরাবর মসজিদমুখী রাস্তার ইটের স্তূপের পূর্বপার্শ্বে ডেন শেষে পশু কোরবানির স্থান নির্ধারণ করা হয়। আনন্দখেয়া ও সোনারতরী ভবনের এলোটিগণের জন্য সোনারতরী ভবনের পশ্চিম পার্শ্বে নির্মাণাধীন ওয়াটার ড্রিটমেন্ট প্লান এর দক্ষিণ দিকে খালি জায়গা পশু কোরবানির স্থান হিসেবে নির্ধারণ করা হয়। দীপশিখা ভবনের এলোটিগণের জন্য দক্ষিণ পাশের পাওয়ার হাউজের সামনে পশু কোরবানির স্থান নির্ধারণ করা হয়। বর্গিত স্থানসমূহে প্রত্যেক ভবনের এলোটিগণ পশু কোরবানি করবেন এবং পশুর রক্ত ও বর্জসমূহ নিজ দায়িত্বে সাথে সাথেই পরিষ্কারের ব্যবস্থা গ্রহণ করবেন;
- (২) মেইন গেইটে নিয়োজিত সিকিউরিটি গার্ডদেরকে তাদের কোম্পানির সাথে যোগাযোগ করে পোশোকে কোম্পানির নাম ও লোগো, নেইম ফলক এবং আইডি কার্ড ব্যবহার করত হবে;
- (৩) মেইন গেইটে নিয়োজিত সিকিউরিটি গার্ডদের গার্ডকক্ষে বসার জন্য ৭ (সাত) ভবনের সাধারণ ফান্ড হতে অর্থায়নের মাধ্যমে ২(দুই)টি চেয়ার ক্রয় করা হবে;
- (৪) প্রত্যেক ভবনের নিরাপত্তা নিশ্চিতকরণসহ ভবনের চারপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে ভবনভিত্তিক ১(এক) জন কেয়ারটেকার/সিকিউরিটি গার্ড নিয়োগ করত হবে;
- (৫) জনাব বিল্লাল, উপ-সহকারী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নোয়াখালী এর সাথে যোগাযোগ করে ভবনের পানি/পানির ট্যাঙ্ক পরিষ্কারকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়;
- (৬) সোনারতরী ভবনের মসজিদ কক্ষটি খালি করার জন্য গণপূর্ত'কে জানাতে হবে;
- (৭) রূপকথার লিফট আটকে যায় ও আওয়াজ হয়, এমন সমস্যা সমাধানের ব্যবস্থা নিতে হবে। এছাড়াও লিফটের এলার্ম ঠিক করাসহ স্পীকার সেট সংযোজনের ব্যবস্থা নিতে হবে;
- (৮) পৌরসভার মাধ্যমে আবাসন এলাকার মধ্য হতে কুকুরের উৎপাত কমানোর ব্যবস্থা নিতে হবে;
- (৯) আবাসন এলাকার ভবনের চারপাশ ও দিঘির চারপাশের ফুট-পাথসমূহের চারপাশে বর্ধিত ঘাস ও জঙ্গল প্রত্যেক ভবনের সভাপতি ও সাধারণ সম্পাদকগণ এরিয়া ভিত্তিক ভবনের এলোটিগণের সহায়তায় পরিষ্কার রাখবেন;
- (১০) আবাসন এলাকায় মশা নিধনের লক্ষ্যে পৌরসভার সাথে যোগাযোগ করে মশা নিধনের ঔষুধ ছিটানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

- (১১) সোনারতরী ভবনের সিসি ক্যামেরা কন্ট্রোলরুম ও হলরুমের চাবি সোনারতরী ভবনের সভাপতি/সাধারণ সম্পাদকের নিকট হস্তান্তর করতে হবে;
- (১২) প্রতি ২ মাস পরপর ৭(সাত) ভবনের কমিটির সাথে কেন্দ্রীয় কমিটির সভা করা যেতে পারে।

পরিশেষে সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

অজিত দেব
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
নোয়াখালী
ও
সভাপতি
ময়ুরাঙ্গী ভবন
সরকারি কর্মকর্তা-কর্মচারী আবাসন এলাকা
ফোন: ০১৮৯৬-১৭০০০১
ই-মেইল: adceduictnoakhali@mopa.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

- ১। জেলা প্রশাসক, নোয়াখালী
২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নোয়াখালী

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

- ১।, নোয়াখালী
২।, নোয়াখালী
৩। অফিস নথি

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
নোয়াখালী
ও
সভাপতি
ময়ুরাঙ্গী ভবন
সরকারি কর্মকর্তা-কর্মচারী আবাসন এলাকা